**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনের সরব প্রচার আজ শেষ হয়েছে। ভোট গ্রহণ আগামী ১২ই এপ্রিল।**

**(২) রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ এডিসি নির্বাচনে ভোটারদের নির্ভয়ে ভোট দিতে আহ্বান জানিয়েছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তারুণ্যের শক্তির জোরেই ভারত উন্নয়নের পথে দ্রুতগতিতে এগিয়ে চলেছে।**

**(৪) এডিসি নির্বাচনে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা অনুযায়ী রাজ্যের সবকয়টি জেলার জেলাশাসকগণ আজ থেকে কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন।**

*****************************************

**ADC-Election :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি নির্বাচনের সরব প্রচার আজ বিকেল ৪টায় শেষ হয়েছে। ভোট গ্রহণ আগামী ১২ই এপ্রিল রবিবার। ঐদিন এডিসি'র ২৮টি আসনের জন্য মোট ১ হাজার ২৫৭টি ভোট কেন্দ্রে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। এই নির্বাচনে মোট ১৭৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। মোট ভোটার ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮২ হাজার ২৫ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন ও অন্যান্য ভোটার রয়েছেন ৬ জন।

ভোটকর্মীরা ভোট সামগ্রী নিয়ে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে আগামীকাল নিজ নিজ ভোটকেন্দ্রে পৌঁছে যাবেন। তার আগে আজ রিটার্নিং অফিসারদের

তত্বাবধানে ভোটকর্মীদের ভোট সামগ্রী বুঝিয়ে দেওয়া হয়। আমাদের খোয়াই জেলার প্রতিনিধি আশীষ চক্রবর্তী জানিয়েছেন, এই জেলায় রামচন্দ্রঘাট এবং আশারামবাড়ী- হালহালি আসনে অবাধ ও সুষ্ঠুভাবে ভোট গ্রহনের জন্য প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রিটার্নিং অফিসার নির্মল কুমার ঝাঁ জানিয়েছেন, ভোট গ্রহনের দিনে খোয়াই এস-ডি-এম অফিসে একটি কন্ট্রোল রুম চালু থাকবে। ওই দুটি আসনের বিভিন্ন এলাকায় আধা-সামরিক বাহিনীর টহল চলছে।

আমাদের গোমতি জেলার সংবাদদাতা শ্যামসুন্দর দত্ত জানিয়েছেন, গোমতি জেলার তিনটি মহকুমার অন্তর্গত এডিসি'র পাঁচটি আসনের ভোট কর্মীদের আজ ভোট সামগ্রী বুঝিয়ে দেওয়া হয়েছে। উদয়পুর কেবি আই স্কুল থেকে কিল্লা-বাগমা ও কাঁঠালিয়া-মির্জা-রাজাপুর, অমরপুর বয়েজ স্কুল থেকে মহারানী চেলাগাং ও অম্পি নগর এবং করবুক এস ডি এম অফিস থেকে নতুন বাজার-মালবাসা কেন্দ্রের জন্য ভোটকর্মীদের হাতে ভোট সামগ্রী প্রদান করা হয়।

গোমতী জেলা শাসক তথা জেলার নির্বাচনী আধিকারিক রিঙ্কু লাথের জানিয়েছেন, শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করতে জেলা প্রশাসন প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করেছে।

আমাদের দক্ষিণ জেলার সংবাদদাতা বিপ্লব বৈদ্য জানিয়েছেন, দক্ষিণ জেলায় এডিসি'র সবকয়টি আসনে অবাধ ও সুষ্ঠুভাবে ভোট গ্রহনের জন্য প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসে রিটার্নিং অফিসার শান্তিরঞ্জন চাকমা সাংবাদিক সম্মেলনে বীরচন্দ্র-কলসী আসনে ভোটগ্রহণের প্রস্তুতি সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন।

আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, কুমারঘাট উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে রিটার্নিং অফিসারের তত্বাবধানে এডিসি'র মাছমারা ও করমছড়া আসনের ভোট কর্মীদের ভোট সামগ্রী বুঝিয়ে দেওয়া হয়। কুমারঘাটের SDM তথা রিটার্নিং অফিসার

এন.এস.চাকমা আজ এক সাক্ষাৎকারে জানান, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

***************************

**DGP-Election :**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ এডিসি নির্বাচনে ভোটারদের নির্ভয়ে ভোট দিতে আহ্বান জানিয়েছেন। আজ আগরতলায় পুলিশ সদর দপ্তরে তিনি জানিয়েছেন, অবাধ ও শান্তিপূর্ণভাবে এডিসি নির্বাচন সম্পন্ন করার জন্য নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এডিসি'র মোট ১ হাজার ২৫৭টি ভোটকেন্দ্রকে ৩টি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে। এরমধ্যে অতিস্পর্শকাতর ৩১১টি, স্পর্শকাতর ৬৯৩টি, সাধারণ ২৫৩টি ভোট কেন্দ্রকে সাধারণ ক্যাটাগরির ভোট কেন্দ্র হিসাবে চিহ্নিত করা হয়েছে। প্রত্যেক ভোট কেন্দ্রে রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ান মোতায়েন থাকবে। তাছাড়া বুথের বাইরে থাকবে কেন্দ্রীয় বাহিনী। আইন-শৃঙ্খলা বজায় রাখতে প্রতিটি থানা ও জেলা পর্যায়ে অতিরিক্ত নিরাপত্তা কর্মী রাখা হবে।

পুলিশের মহানির্দেশক অনুরাগ আরো জানান, এডিসি নির্বাচনে মোট ২৪ কোম্পানি কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হবে। ইতিমধ্যে ৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে পৌঁছে গেছে। বাকি ২০ কোম্পানি কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী শীঘ্রই রাজ্যে পৌঁছে যাবে।

তিনি জানান, এডিসি নির্বাচনে প্রায় ১২ হাজার রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ান মোতায়েন করা হবে। কোথাও কোনও সমস্যা বা সন্দেহজনক পরিস্থিতি দেখা দিলে সঙ্গে সঙ্গে তা পুলিশ কন্ট্রোল রুমের ১১২ নম্বরে জানানোর জন্য তিনি অনুরোধ জানিয়েছেন।

#####Byte-DGP####

***********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM-Youth Power :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তারুণ্যের শক্তির জোরেই ভারত উন্নয়নের পথে দ্রুতগতিতে এগিয়ে চলেছে। আজ সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি পোস্টে সংস্কৃত 'সুভাষিতম' শেয়ার করে শ্রী মোদী বলেন, দেশের যুবসমাজ একবার কিছু করার সংকল্প করলে, তা কাজের মাধ্যমে প্রমাণ করে।

***********************

**Special Programme :**

আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের প্রযোজনায় নারী ক্ষমতায়ন কেন্দ্রিক এক বিশেষ অনুষ্ঠান প্রচারিত হবে আজ রাত ৯টা ১৫ মিনিটে। অংশগ্রহণ করবেন আকাশবাণী আগরতলার প্রাক্তন সংবাদ পাঠিকা চন্দনলেখা পাল।

***********************

**ADC-BNSS :**

এডিসি নির্বাচন উপলক্ষ্যে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারা অনুযায়ী রাজ্যের সবকয়টি জেলার জেলাশাসকগণ কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন। এই আদেশ অনুযায়ী নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে এবং আইন-শৃঙ্খলা বজায় রাখতে, আজ বিকাল ৪টা থেকে ১৩ই এপ্রিল, সকাল ৬টা পর্যন্ত রাজ্যের সবকয়টি এডিসি আসন এলাকায় ৫ বা ততোধিক ব্যক্তির সমাবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হয়েছে। লাঠি, লোহার রড, পাথর বা অন্য কোনও অস্ত্রসদৃশ বস্তু বহন করাও নিষিদ্ধ করা হয়েছে।

তাছাড়া, এই সময়ে কোনও প্রকার জনসভা, মিছিল বা মাইক ব্যবহার করে প্রচার কার্যক্রম সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। ভোটগ্রহণ কেন্দ্রের ২০০ মিটার ব্যাসার্ধের মধ্যে বিশেষ নজরদারি থাকবে। ভোটের দিন দুই বা ততোধিক মোটরবাইক বা গাড়ি একসঙ্গে চলাচল করাও নিষিদ্ধ করা হয়েছে। তবে, নির্বাচনের কাজে নিয়োজিত কর্মী, নিরাপত্তা বাহিনী, বৈধ পরিচয় পত্র সহ সাংবাদিক বৈধ পরিচয়পত্র সহ ভোটার, নিয়মিত সরকারি ও বেসরকারি কাজকর্ম, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় আচার-অনুষ্ঠান এবং স্বাভাবিক ব্যবসায়িক কার্যক্রম এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবে। এই নির্দেশে আরও বলা হয়েছে, কোনও ব্যক্তি যদি এই আদেশ অমান্য করে বেআইনি সমাবেশে অংশগ্রহণ করেন, তবে ভারতীয় ন্যায় সংহিতা, ২০২৩-এর ১৮৯ ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। জেলা প্রশাসন সমস্ত নাগরিককে এই নির্দেশ মেনে চলার জন্য অনুরোধ জানিয়েছে, যাতে নির্বাচন প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়।

*************************

**World Homeopathy Day :**

আজ বিশ্ব হোমিওপ্যাথি দিবস। “উন্নত স্বাস্থ্যের জন্য হোমিওপ্যাথি” এই ভাবনাকে সামনে রেখে আজ সারা দেশে পালিত হচ্ছে বিশ্ব হোমিওপ্যাথি দিবস। এই উপলক্ষে কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রণালয় নয়াদিল্লিতে দুই দিনব্যাপী ইন্টারঅ্যাকটিভ ফোরামের আয়োজন করেছে। আয়ুষ মন্ত্রণালয় জানিয়েছে,

এই অনুষ্ঠানে হোমিওপ্যাথি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ গবেষণা অগ্রগতি, জনস্বাস্থ্য উদ্যোগ এবং নীতিগত উন্নয়নের বিষয় তুলে ধরা হবে। যেখানে নীতিনির্ধারক, গবেষক, চিকিৎসক এবং বিভিন্ন প্রতিনিধি অংশ নেবেন এবং উন্নত স্বাস্থ্যব্যবস্থা গঠনে হোমিওপ্যাথির ক্রমবর্ধমান ভূমিকা নিয়ে আলোচনা করবেন।

বিশ্ব হোমিওপ্যাথি দিবস উপলক্ষ্যে আজ আগরতলার নেতাজি সুভাষ স্টেট্ হোমিওপ্যাথিক হাসপাতালে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে হ্যানিমেনের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান হাসপাতালের ইনচার্জ সুশান্ত সরকার।

সোনামুড়ায় টাউন হলে অনুষ্ঠিত হয় এক বিশেষ আলোচনা চক্র। সোনামুড়া হোমিওপ্যাথ ডক্টরস এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশিষ্ট শিক্ষাবিদ পরিমল কান্তি বর্মন।

************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৭ ডিগ্রি সেলসিয়াস।

**************************